নির্বাচন কমিশন সচিবালয়ের আওতায় ২০১৬-১৭ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর সারসংক্ষেপ

ক্র: নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১।	নির্বাচন কমিশন সচিবালয়	০২টি	০২	০	০	০২	০২	৩৩.৫৫% ২৫০.০০%	০২	১০.৪৫% ৬১.৬৪%

০১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ০২ টি (এক)

০২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের নাম	**মেয়াদ বৃদ্ধির কারণ**
কন্সট্রাকশন অফ ইলেকশন রিসোর্স সেন্টার" শীর্ষক প্রকল্প	প্রকল্প এলাকায় বিদ্যমান অবকাঠামো অপসারণ ও দরপত্র জটিলতা সংক্রান্ত মামলা জটিলতা।
কনস্ট্রাকশন অব উপজেলা এন্ড রিজিওনাল সার্ভার স্টেশনস ফর ইলেক্টোরাল ডাটাবেইজ (CSSED)" প্রকল্প	দক্ষ জনবল সংকট , সময়মত অর্থ ছাড় না হওয়া এবং অবকাঠামোগত উন্নয়নের জন্য বিলম্ব হওয়া ইত্যাদি কারণে বাস্তবায়নে বিলম্ব হয়।

০৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান সমস্যা ও সুপারিশ

ক্রমিক নং	সমস্যা	সুপারিশ
১	প্রকল্প এলাকায় বিদ্যমান অবকাঠামো অপসারণ ও দরপত্র জটিলতা সংক্রান্ত মামলা জটিলতা।	সংশ্লিষ্ট মন্ত্রণালয় /দপ্তর/সংস্থার সাতে সমন্বয় করে সমস্যা সমাধান করা যেতে পারে।
২	দক্ষ জনবল না থাকা।	পর্যাপ্ত প্রশিক্ষণের মাধ্যমে জনবলকে দক্ষ করে গড়ে তুলতে হবে।
৩	স্থায়ী ভবন ও ডাটা সেন্টারের জন্য নির্ধারিত স্পেস না থাকা।	স্থায়ী ভবন ও ডাটা সেন্টারের জন্য নির্ধারিত স্পেস তৈরি করে সমস্যা সমাধান করা হয়েছে।
৪	ইন্টারনেটের গতি কম এবং নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ না থাকা।	ইন্টারনেটের গতি এবং নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের সমস্যা সমাধান হয়েছে।

কনস্ট্রাকশন অব উপজেলা এন্ড রিজিওনাল সার্ভার স্টেশনস ফর ইলেক্টোরাল ডাটাবেইজ (CSSED)
শীর্ষক সমাপ্ত প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

সমাপ্তঃ **ডিসেম্বর, ২০১৬)**

১। প্রকল্পের নাম : **কনস্ট্রাকশন অব উপজেলা এন্ড রিজিওনাল সার্ভার স্টেশনস ফর ইলেক্টোরাল ডাটাবেইজ (CSSED) প্রকল্প।**

২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : বাংলাদেশ নির্বাচন কমিশন

৪। প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয় :

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (প্র: সা:)	সর্বশেষ (৪র্থ) সংশোধিত (প্র:সা:)		মূল	সর্বশেষ (৪র্থ) সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
মোট: ২০৭৭২.০০ টাকা: ১১১১৫.০০ প্রকল্প সাহায্য: ৯৬৫৭.০০	মোট: ৩৫৬৩৩.৬৪ টাকা: ২৫১৪১.০০ প্রকল্প সাহায্য: ১০৪৯২.৬৪	মোট: ৩৩৫৭৫.১০ টাকা: ২৩০৮২.৪৬ প্রকল্প সাহায্য: ১০৪৯২.৬৪	নভেম্বর, ২০০৮ হতে অক্টোবর, ২০১০	নভেম্বর, ২০০৮ হতে ডিসেম্বর, ২০১৬	নভেম্বর, ২০০৮ হতে ডিসেম্বর, ২০১৬	৬১.৬৪%	২৫০.০০%

৫। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ**

(লক্ষ টাকায়)

ক্রঃ কঃ	কাজের অংগ	একক	অনুমোদিত প্রকল্পের লক্ষ্যমাত্রা		বাস্তবায়ন অগ্রগতি (ডিসেম্বর, ২০১৬)	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
Revenue Expenditure						
	Pay of Officers	8 nos	8 nos	126.00	8 nos	114.45
	Pay of Staffs	13 nos	13 nos	90.00	13 nos	79.75
	Allowances	21 nos	21 nos	160.00	21 nos	134.26
	Supply @ Services					
	TA @ DA	LS	LS	13.26	LS	11.79
	Transfer TA	LS	LS	0.10	LS	0.06
	Income Tax	LS	LS	1.50	LS	1.20
	Office Rent	LS	LS	20.00	LS	-
	Postage	LS	LS	4.52	LS	3.93
	Telephone	LS	LS	4.50	LS	4.46
	Registration Fees	LS	LS	7.31	LS	5.77
	Water	LS	LS	1.79	LS	1.03
	Electricity	LS	LS	16.13	LS	7.13

ক্রঃ কঃ	কাজের অংগ	একক	অনুমোদিত প্রকল্পের লক্ষ্যমাত্রা		বাস্তবায়ন অগ্রগতি (ডিসেম্বর, ২০১৬)	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
	Gas & Fuel	LS	LS	36.27	LS	29.29
	Fuel & Lubricants	LS	LS	54.22	LS	42.65
	Bank Charges	LS	LS	7.50	LS	0.09
	Printing & Packing	LS	LS	50.00	LS	30.43
	Stationary, Seal, Stamps & Postage	LS	LS	15.41	LS	11.80
	Books, Newspaper & Magazine	LS	LS	0.64	LS	0.44
	Advertisement & Publication	LS	LS	85.00	LS	66.07
	Training (Local)	LS	LS	0.20	LS	0.04
	Meeting/Seminar/Work shop	LS	LS	0.22	LS	0.22
	Entertainment	LS	LS	4.80	LS	3.80
	Contingent Staff	LS	LS	12.00	LS	10.82
	Consultancy fees	LS	LS	1787.98	LS	1787.98
	Honourium/Remuneration/Fees etc	LS	LS	33.37	LS	21.48
	Geotechnical testing for district, C, D, & E type	LS	LS	35.00	LS	28.45
	Survey fee	LS	LS	7.50	LS	4.99
	Computer Goods	LS	LS	18.00	LS	12.90
	Committee Meeting/Commision	LS	LS	2.50	LS	1.14
	Misc. Expenditure	LS	LS	36.18	LS	31.21
	Repair Maintenance & Rehabilitation					
	Vehicles	LS	LS	45.14	LS	38.29
	Furniture	LS	LS	2.50	LS	-
	Office & Computer Equip	LS	LS	12.01	LS	10.45
	Office Outfit	LS	LS	-	LS	-
	Telecommunication	LS	LS	-	LS	-
	Misc. Expenditure (Other maintenance)	LS	LS	6.33	LS	6.33
	Total (Revenue)			**2697.88**		**2502.70**
Capital Expenditure						
	Acquisition of Assets					
	Thana Server Stations (Commercial Floor/Office Space)	7 nos	7 nos	2015.98	7 nos	1705.05
	Vehicles	4 nos	4 nos	107.32	4 nos	107.32
	Office Equipment	LS	LS	17.39	LS	15.32
	Office Furniture	LS	LS	1050.00	LS	1,003.99

ক্রঃ কঃ	কাজের অংগ	একক	অনুমোদিত প্রকল্পের লক্ষ্যমাত্রা		বাস্তবায়ন অগ্রগতি (ডিসেম্বর, ২০১৬)	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
	Electric Equipmensts (Solar Pannel)	72 kwp	72 kwp	312.00	72 kwp	296.97
	Fire Extinguisher	402 nos	402 nos	13.00	402 nos	11.46
	Acquisition/Purchase of Land					
	Land Acquisition/Purchase (in cash)	1000 dec	1000 dec	4570.00	1000 dec	4261.92
	Land Acquisition/Purchase (in kind)	1200 dec	1200 dec	1000.00	1200 dec	1000.00
	Site Development	5500^{m3}	5500^{m3}	90.00	5500^{m3}	70.04
	Construction of Server Stations					
	Upazila Server Stations (Type-A)	77 nos	77 nos	1400.00	77 nos	1400.00
	Upazila Server Stations (Type-B)	320 nos	320 nos	8990.02	320 nos	8940.02
	District Server Stations (Type-F)	54 nos	54 nos	8453.17	54 nos	8066.11
	Vertical Extension (Cox's Bazar DSS)	1 nos	1 nos	55.00	1 nos	54.17
	Regional Server Stations (Type-C)	5 nos	5 nos	1648.81	5 nos	1648.77
	Regional Server Stations (Type-D)	3 nos	3 nos	1031.58	3 nos	1031.58
	Vertical Extension (Chittagong RSS)	1 nos	1 nos	165.00	1 nos	165.00
	Regional Server Stations (Type-E)	1 nos	1 nos	493.05	1 nos	493.05
	Boundary Wall	2719 RM	2719 RM	370.00	1510 RM	110.79
	Wire Fencing	7026 RM	7026 RM	82.80	5020 RM	42.47
	Garage	15250 sft	15250 sft	668.00	10200sft	385.60
	Connecting roads	14000 m2	14000 m2	220.00	140 100m2	166.81
	CDVAT	LS	LS	45.00	LS	41.29
	Price contingency	0.5%	0.5%	-	0.5%	-

ক্রঃ কঃ	কাজের অংগ	একক	অনুমোদিত প্রকল্পের লক্ষ্যমাত্রা		বাস্তবায়ন অগ্রগতি (ডিসেম্বর, ২০১৬)	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
	Physical contingency	1.7%	1.7%	137.64	1.7%	55.06
	Sub-total (Capital)			**32935.76**		**31072.40**
	Total			**35633.64**		**33575.10**

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃঅনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে।**

৭। **প্রকল্পের পটভূমিঃ** একটি অবাধ, নিরপেক্ষ ও গ্রহনযোগ্য নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে গত ০৫-০২-২০০৭ তারিখে নির্বাচন কমিশন কিছু বাস্তবধর্মী পদক্ষেপ গ্রহন করে। তন্মধ্যে ছবিযুক্ত ভোটার তালিকা প্রণয়ন অন্যতম। বাংলাদেশ সরকার ও অন্যান্য ৯ টি উন্নয়ন সহযোগী সংস্থার যৌথ অর্থায়নে ইতোমধ্যে "ছবিসহ ভোটার তালিকা প্রণয়ন ও জাতীয় পরিচয়পত্র প্রদানে সহায়তা প্রদান" শীর্ষক একটি প্রকল্প গ্রহনপূর্বক এর আওতায় সমগ্র দেশব্যাপী ছবিযুক্ত ভোটার তালিকা প্রণয়ন চূড়ান্ত করা হয়েছে। এ প্রকল্পের আওতায় প্রণীত ছবিযুক্ত ভোটার তালিকার তথ্যাবলী স্থায়ীভাবে সংরক্ষণ , রক্ষণাবেক্ষণ এবং নিয়মিতভাবে হালনাগাদ করার নিমিত্ত দেশের সকল উপজেলা/থানা/জেলা/বিভাগীয় (আঞ্চলিক) পর্যায়ে কম্পিউটার , ওয়েব-ক্যাম, ফিঙ্গার প্রিন্ট, স্ক্যানার এবং ইন্টারনেট সংযোগ স্থাপনের জন্য স্থায়ী ও সুরক্ষিত ভবন প্রয়োজন। অধিকন্তু , রেজিষ্ট্রেশন ফরমস, যন্ত্রপাতি ও অন্যান্য নির্বাচনী মালামাল সংরক্ষণের জন্য এবং নির্বাচন কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের অফিস ও জনসেবা প্রদানের জন্য সুপরিসর স্থানের প্রয়োজন।
এ প্রেক্ষাপটে, সমগ্র দেশব্যাপী ৪৮১ টি উপজেলা সার্ভার ষ্টেশন , ১৬ টি থানা সার্ভার ষ্টেশন (সিটি কর্পোরেশন এলাকায়) এবং ৫ টি আঞ্চলিক সার্ভার ষ্টেশনসহ (ঢাকা ব্যতীত অন্য ৫ টি বিভাগীয় শহরে) মোট ৫০২ টি সার্ভার ষ্টেশন ভবন নির্মানের জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৮। **প্রকল্পের উদ্দেশ্য:** প্রকল্পটির উদ্দেশ্য হচ্ছে সমগ্র দেশব্যাপী ছবিযুক্ত ভোটার তালিকা সংক্রান্ত যেসব তথ্যাবলী সংগ্রহ করা হয়েছে সেগুলো স্থায়ীভাবে সংরক্ষণ, রক্ষণাবেক্ষণ এবং নিয়মিতভাবে হালনাগাদ করার লক্ষ্যে দেশের সকল উপজেলা/থানা/জেলা/বিভাগ পর্যায়ে পর্যাপ্ত অবকাঠামোগত সুবিধা সৃষ্টি করা।

৯। **প্রকল্পের আওতায় গৃহীত কার্যাবলীঃ** প্রকল্পের আওতায় ৩৯৬টি উপজেলা, ৫৪ টি জেলা, ৯টি আঞ্চলিক সার্ভার স্টেশন স্থাপনের জন্য জমি অধিগ্রহণ/ক্রয়, ভূমি উন্নয়ন ও সার্ভার স্টেশন নির্মাণ, ৭টি থানা সার্ভার স্টেশনের জন্য অফিস স্পেস ক্রয়, সংযোগ সড়ক নির্মাণ, সার্ভার স্টেশনসমূহের আসবাবপত্র, সোলার প্যানেল এবং অগ্নি নির্বাপক যন্ত্র ক্রয়।

১০। **প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ**

প্রকল্পটি বিগত ২২/১২/২০০৮ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় নভেম্বর , ২০০৮ থেকে অক্টোবর , ২০১০ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। প্রকল্পটি মূল প্রাক্কলিত ব্যয় ছিল ২০ ,৭৭২.০০ লক্ষ টাকা ; তন্মধ্যে জিওবি ১১,১১৫.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৯,৬৫৭.০০ লক্ষ টাকা (UNDP এর মাধ্যমে DFID ও Netherlands এর অনুদান)। পরবর্তীতে প্রকল্পটিতে মোট ৪ বার সংশোধনী আনা হয় যা নিম্নে বর্ণিত হল:

১ম সংশোধনীঃ গত ২৪.০৩.২০১০ তারিখে একনেক কর্তৃক প্রকল্পের প্রাক্কলিত ব্যয় বৃদ্ধিপূর্বক ৩২,৬২০.৬১ লক্ষ টাকায় (জিওবি ২২৯৬৩.৭১+ প্র:সা:৯৬৫৬.৯৮ লক্ষ টাকা) পুন:নির্ধারণ এবং মেয়াদ ০১ (এক) বছর ০৮ (আট) মাস বৃদ্ধিপূর্বক নভেম্বর, ২০০৮ হতে জুন, ২০১২ পর্যন্ত সময়ে বাস্তবায়নের জন্য প্রকল্পটি ১ম সংশোধন করা হয়।

২য় সংশোধনী: গত ১২.০৯.২০১২ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২য় সংশোধনী অনুমোদিত । প্রকল্পের মেয়াদ ০১ বৎসর ৬ মাস বৃদ্ধি (নভেম্বর , ২০০৮ থেকে ডিসেম্বর , ২০১৩) এবং ব্যয় বৃদ্ধিপূর্বক মোট ৩৫৫৯১.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (জিওবি ২৫১৪১.০০+প্র:সা: ১০৪৫০.০০) ২য় সংশোধন করা হয়।

৩য় সংশোধনী: প্রকল্পটির ৩য় সংশোধন প্রস্তাব গত ১২.০১.২০১৩ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির মেয়াদ নভেম্বর, ২০০৮ থেকে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত ০১ (এক) বছর বৃদ্ধি করে ৩য় সংশোধনী করা হয়।

৪র্থ সংশোধনী: গত ০৯.০৫.২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয় কর্তৃক প্রকল্পটির ৪র্থ সংশোধন অনুমোদিত হয়। চতুর্থ সংশোধনীতে প্রকল্পটি ৩৫৬৩৩.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (জিওবি ২৫১৪১.০০+প্র:সা: ১০৪৯২.৬৪ লক্ষ) টাকা এবং বাস্তবায়ন মেয়াদ আরও ০১ (এক) বছর বৃদ্ধিপূর্বক ডিসেম্বর , ২০১৬ পর্যন্ত নির্ধারণ করা হয়।

১১। **প্রকল্প পরিদর্শনঃ** আলোচ্য প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম সমূহ**গত ০৯-০৮-২০১৮ তারিখসহ বিভিন্ন সময়ে বরিশাল, জামালপুর, মানিকগঞ্জ, বাগেরহাট, গোপালগঞ্জ আইএমইডি'র উপ-পরিচালক জনাব কোহিনুর আক্তার কর্তৃক প্রকল্পটি সরেজমিন পরিদর্শন করা হয়। এ সময় প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।**

১২। **ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্যঃ** প্রকল্পের আওতায় ৩৯৬ টি উপজেলা , ৫৪ টি জেলা ও ৯ টি আঞ্চলিক সার্ভার স্টেশন স্থাপনের জন্য জমি অধিগ্রহণ/ক্রয় , ভূমি উন্নয়ন ও সার্ভার স্টেশন নির্মাণ , ৭ টি থানা সার্ভার স্টেশনের জন্য অফিস স্পেস ক্রয়, সংযোগ সড়ক নির্মাণ, সার্ভার স্টেশনসমূহের আসবাবপত্র, সোলার প্যানেল এবং অগ্নি নির্বাপক যন্ত্র ক্রয়।

১৩। **প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ** পিসিআর অনুসারে প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ , অর্থ অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ			ব্যয়		
	মোট	টাকা	প্রঃ সাঃ	মোট	টাকা	প্রঃসাঃ
১	২	৩	৪	৬	৭	৮
২০০৮-০৯	২৫০.০০	৫০.০০	২০০.০০	২.৬০	২.৬০	
২০০৯-১০	৩৯১০.০০	২১২৭.০০	১৭৮৩.০০	২৪৩২.১৯	১৫১৬.৬৮	৯১৫.৫১
২০১০-১১	১০৬০৩.০০	৬৩৪৫.০০	৪২৫৮.০০	১০৪৯৯.৬৮	৬২৪৬.২৬	৪২৫৩.৪৫
২০১১-১২	৮২৮৩.০০	৬০৬৩.০০	২২২০.০০	৬৬৫৪.৫৩	৪৫৯৪.৫৭	২০৫৯.৯৬
২০১২-১৩	৯৬৮৫.০০	৬৯৮৮.০০	২৬৯৭.০০	৫৬৯৮.৪৭	৩৯৭৭.১৬	১৭২১.৩১
২০১৩.১৪	৫৬৮১.২৫	৪৫৮১.২৫	১১০০.০০	৪৩৯০.৫২	৩৪২৭.৮০	৯৬২.৭২
২০১৪-১৫	৩৬৬৬.০০	৩১২৯.০০	৫৩৭.০০	২৬৫১.৭২	২০৭২.০৩	৫৭৯.৬৯
২০১৫-১৬	১১৬৫.০০	১১৬৫.০০	-	১১৬৫.০০	৮৭১.১৩	৮৭১.১৩
২০১৬-১৭	২৬০৮.০০	২৬০৮.০০	-	১৩০৪.০০	৩৭৪.২৩	৩৭৪.২৩
মোটঃ	**৪৫৮৫১.২৫**	**৩৩০৫৬.২৫**	**১২৭৯৫.**	**৩৪৭৯৮.৭১**	**২৩০৮২.৪৬**	**১১৭৩৮.০০**

১৪। **উপকারভোগীদের মতামতঃ** আলোচ্য প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে নির্বাচন কমিশনের স্বাচ্ছন্দ ও স্বাধীনভাবে সেবা প্রদান সম্ভব হচ্ছে। সাধারণ জনগণের মধ্যে নির্বাচন কমিশন সম্পর্কে সচেতনা ও সেবার পরিচিতি পেয়েছে।

১৫। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ** প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ
বিগ্রেডিয়ার জেনারেল মো: মোয়াজ্জেম হোসেন, জাতীয় প্রকল্প পরিচালক	হ্যাঁ	না	০১.০৪.২০০৯	৩১.০৩.২০১০
বিগ্রেডিয়ার জেনারেল কে এম সালজার হোসেইন, জাতীয় প্রকল্প পরিচালক	হ্যাঁ	না	৩১.০৩.২০১০	১৪.০১.২০১৫
বিগ্রেডিয়ার জেনারেল এসকে আব্দুল মান্নান, জাতীয় প্রকল্প পরিচালক	হ্যাঁ	না	০৫.০৪.২০১৫	৩১.১২.২০১৬

১৬। **প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল	উদ্দেশ্য অর্জিত না হওয়ার কারণ
• ৮টি থানা সার্ভার স্টেশন ক্রয়	• ৭টি থানা সার্ভার স্টেশন ক্রয়	• নির্বাচন কমিশন সচিবালয় গাজীপুর সিটি করপোরেশরেন প্রস্তাবিত বাণিজ্যিক ভবনে অফিস স্পেস ক্রয় করার কাজ চলমান রয়েছে।
• ২টি থানা সার্ভার স্টেশন নির্মাণ	• ২টি থানা সার্ভার স্টেশন নির্মাণ	-----
• ৩৯৪ টি উপজেলা সার্ভার স্টেশন নির্মাণ	• ৩৯৩ টি উপজেলা সার্ভার স্টেশন নির্মাণ	• সুনামগঞ্জ জেলার দিরাই স্টেশন নির্মাণের জমি নিয়ে সৃষ্ট বিরোধিতার কাজ বন্ধ রাখা হয়েছে।
• ৫৪টি জেলা সার্ভার স্টেশন নির্মাণ	• ৫২টি জেলা সার্ভার স্টেশন নির্মাণ	• গাজীপুর ও মাদারিপুরে জেলা সার্ভার স্টেশনের জন্য জমি না পাওয়া যাওয়াই নির্মাণ কাজ করা সম্ভব হয় নি। তবে সরকারী বহুতল ভবনের র্সার্ভার স্টেশনের জন্য স্পেস ভাড়া নেয়ার বিষয় প্রক্রিয়াধীন রয়েছে।
• ৯টি আঞ্চলিক সার্ভার স্টেশন নির্মাণ	• ৯টি আঞ্চলিক সার্ভার স্টেশন নির্মাণ	------

১৭। **অডিট সংক্রান্তঃ অডিট সম্পন্ন হয়েছে। প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।**

১৮। **পর্যবেক্ষণঃ**

আলোচ্য প্রকল্পের আওতায়৮টি থানা সার্ভার স্টেশন ক্রয় , ২টি থানা সার্ভার স্টেশন নির্মাণ , ৩৯৪ টি উপজেলা সার্ভার স্টেশন নির্মাণ, ৫৪টি জেলা সার্ভার স্টেশন নির্মাণ , ৯টি আঞ্চলিক সার্ভার স্টেশন নির্মাণ করার লক্ষ্যমাত্রা ছিল। এর মধ্যে ৭টি থানা সার্ভার স্টেশন ক্রয় , ২টি থানা সার্ভার স্টেশন নির্মাণ , ৩৯৩ টি উপজেলা সার্ভার স্টেশন নির্মাণ , ৫২টি জেলা সার্ভার স্টেশন নির্মাণ, ৯টি আঞ্চলিক সার্ভার স্টেশন নির্মাণ করা হয়েছে। বাস্তবায়িত কার্যক্রমসমূহ**গত ০৯-০৮-২০১৮ তারিখসহ বিভিন্ন সময়ে বরিশাল, জামালপুর, মানিকগঞ্জ, বাগেরহাট, গোপালগঞ্জ আইএমইডি 'র উপ -পরিচালক জনাব কোহিনুর আক্তার কর্তৃক প্রসরেজমিন পরিদর্শন করা হয়। এ সময় প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।**

বরিশাল বিভাগীয় ও জেলা সার্ভার স্টেশন :জলছাদ দিয়ে পানি পড়ত, স্টোর সিকিউরড না, ৩য় তলায় একপাশে একটি কক্ষের সমপরিমান স্থানে খোলা ছাদের ব্যবস্থা রাখা হয়েছে। স্থানটি উন্মুক্ত আলো ও বায়ু প্রবাহ উপভোগ করার জন্য রাখা হয়েছে বলে প্রতীয়মান হয়। কিন্তু বিভাগীয় ও নির্বাচন কমিশনের দাপ্তরিক ভবনে রেস্ট হাউসের মত খোলা ছাদের ব্যবস্থা রাখার যৌক্তিকতা আছে কি-না তা বিবেচনার দাবী রাখে। তাছাড়া ছাদটি উন্মুক্ত থাকায় বৃষ্টির পানি পড়ে তা বাসার অযোগ্য হয়ে পড়েছে। স্থানটি ভবিষ্যতে কোন কাজেই ব্যবহার করা যাবে না। তাই ছাদটির উপরে transparent fibre glass দিয়ে বৃষ্টির হাত থেকে রক্ষার ব্যবস্থা করা প্রয়োজন। নিচ তলায় বাথরুমের উপরের ও পাশের দেয়াল ড্যাম্প পড়া।

ভবনটির নিচ তলায় নির্মিত স্টোর রুমের বাইরের দেয়াল ইটের তৈরী নয়। সিকিউরিটি গ্রিল ও কাঁচের জানালা দিয়ে তা তৈরী করা হয়েছে। ফলে নির্বাচনের জন্য ব্যবহৃত ব্যালট পেপার উক্ত কক্ষে রাখা হলে তা গ্রিল কেটে চুরি হওয়ার আশংকা রয়েছে। তাই ভবনের এ অংশের দেয়াল ইটের তৈরী হওয়া বাঞ্চনীয় ছিল। একটি পরিপূর্ণ বিভাগীয় ও জেলা নির্বাচন অফিস নির্মাণ করা হলেও প্রবেশমুখে গাড়ী অতিক্রম করার ব্যবস্থা রাখা হয়নি। ডিজাইনে এটা রাখা বাঞ্চনীয় ছিল। গাড়ী হতে কোন কর্মকর্তার নামার পর তা পেছনে সরিয়ে স্থানটি অন্য গাড়ীর জন্য জায়গা করে দিতে হয়। বিষয়টি ডিজাইনের দুর্বলতা বলে প্রতীয়মান হয়।

৩য় তলায় সিড়ির উপরে স্থাপিত ছাদ ও পানির টাংকীর উপরে উঠার কোন ব্যবস্থা রাখা হয়নি। ফলে পানির টাংকি পরিস্কার করার জন্য আলগা সিঁড়ির ব্যবস্থা করতে হবে। ভবন নির্মাণকালে এটিও স্থায়ীভাবে নির্মাণ করা প্রয়োজন ছিল বলে প্রতীয়মান হয়।ভবনটিতে আলো-বাতাস প্রবেশের যথেষ্ট ব্যবস্থা রাখা হয়েছে কিন্তু জানালা সমূহের বাইরের উপরের অংশে সান শেড রাখা হয়নি, ফলে অনেক জানালা দিয়ে পানি গড়িয়ে ভেতরে প্রবেশ করে যা ভবনের স্থায়িত্ব ও পরিস্কার পরিচ্ছন্নতার জন্য

ক্ষতিকর।ভবনটিতে বিভাগীয় ও জেলা পর্যায়ের সার্ভার স্টেশন স্থাপনের কথা থাকলেও তা নির্দিষ্ট কক্ষে স্থাপন করা হয়নি। কিন্তু যন্ত্রপাতি যেমন : কম্পিউটার, স্ক্যানার, রাউটার প্রভৃতি একটি কক্ষে রাখা আছে যা কোন কাজে ব্যব্যহৃত হচ্ছে না। সার্ভার স্থাপনের জন্য নির্ধারিত কক্ষে নৈশ প্রহরীরা বসবাস করেন।




চিত্র: বরিশাল নির্বাচন কমিশন কার্যালয়

জামালপুর সার্ভার স্টেশন: জামালপুর সার্ভার স্টেশনের কাজ করেছেPWD। ভবন পরিদর্শন করে দেখা গেছে যে ভবনের ২য় তলার ছাদে পানি জমে থাকে, জলছাদের উপরি অংশ উঠে যাচ্ছে , নিচতলার বাম/পূর্ব পাশের জানালা দিয়ে পানি প্রবেশ করে। কাঁচের জানালা দেয়া আছে কোন সান শেড নেই। সোলার প্যানেল নেই।



চিত্র :**জামালপুর সার্ভার স্টেশন:**

মানিকগঞ্জ সিংগাইর উপজেলা সার্ভার স্টেশন: মানিকগঞ্জ সিংগাইর উপজেলা সার্ভার স্টেশন কাজ করেছে এলজিইপি। এখানে উপজেলা ভূমি বরাদ্দ কমিটি হতে ৮শতাংশ জমির উপর বি -টাইপ ভবন নির্মিত হয়েছে। কাঁচের জানালা দেয়া আছে কোন Sun shade নেই। ফলে বৃষ্টির পানি ভেতরে চলে আসি।



চিত্র: মানিকগঞ্জ সিংগাইর উপজেলা সার্ভার স্টেশন।

মানিকগঞ্জ জেলা ও সদর উপজেলা সার্ভার স্টেশন: স্টোর সিকিউরড না, ৩য় তলায় একপাশে একটি কক্ষের সমপরিমান স্থানে খোলা ছাদের ব্যবস্থা রাখা হয়েছে। বৃষ্টির সময় পানি পড়ে। তাই ছাদটির উপরে transparent fibre glass দিয়ে

বৃষ্টির হাত থেকে রক্ষার ব্যবস্থা করা প্রয়োজন। ভবনের নীচে মাটি ভরাট অসম্পূর্ণ থাকায় ভবনের সমানের স্থাপনা নীচের দিকে ধ্বসে যাচ্ছে। ডোবা ভরাট করে ভবন নির্মাণ করায় যে পাশে ডোবা রয়েছে সে পাশে ফাটলের সৃষ্টি হয়েছে । মূল ভবন থেকে নকশা পরিবর্তন করে গ্যারেজ রাখা হয়েছে। এটা যৌক্তিক হয় নি। গ্যারেজ করার ফলে মাটির ভরাটের অংশে মাটি সরে গিয়েছিল। এছাড়া গ্যারেজের গেটে জয়েন্ট খুলে গেছে। যা যে কোন সময় সম্পূর্ণ খুলে গিয়ে দুর্ঘটনা ঘটতে পারে। সোলার প্যানেল কাজ করে না। ভবন রক্ষণাবেক্ষণের কোন ব্যবস্থা গ্রহণ করার ব্যবস্থা ছিল না।





চিত্র: মানিকগঞ্জ জেলা ও সদর উপজেলা সার্ভার স্টেশন

বাগেরহাট জেলা ও সদর উপজেলা সার্ভার স্টেশন : ভবনের নীচে মাটি ভরাট অসম্পূর্ণ থাকায় ভবনের সমানের স্থাপনা নীচের দিকে ধ্বসে যাচ্ছে। ডোবা ভরাট করে ভবন নির্মাণ করায় যে পাশে ডোবা রয়েছে সে পাশে ফাটলের সৃষ্টি হয়েছে ।ভবনটিতে আলো-বাতাস প্রবেশের যথেষ্ট ব্যবস্থা রাখা হয়েছে কিন্তু জানালা সমূহের বাইরের উপরের অংশে সান শেড রাখা হয়নি , ফলে অনেক জানালা দিয়ে পানি গড়িয়ে ভেতরে প্রবেশ করে যা ভবনের স্থায়িত্ব ও পরিস্কার পরিচ্ছন্নতার জন্য ক্ষতিকর।




চিত্র: বাগেরহাট জেলা ও সদর উপজেলা সার্ভার স্টেশন

গোপালগঞ্জ জেলা ও সদর উপজেলা সার্ভার স্টেশন:ভবনটিতে বিভাগীয় ও জেলা পর্যায়ের সার্ভার স্টেশন স্থাপনের কথা থাকলেও তা নির্দিষ্ট কক্ষে স্থাপন করা হয়নি। কিন্তু যন্ত্রপাতি যেমন: কম্পিউটার, স্ক্যানার, রাউটার প্রভৃতি একটি কক্ষে রাখা আছে যা কোন কাজে ব্যব্যহৃত হচ্ছে না। সার্ভার স্থাপনের জন্য নির্ধারিত কক্ষে নৈশ প্রহরীরা বসবাস করেন। সোলার প্যানেল কাজ করে না। ভবনের নীচ তলার বাথরুমের দরজা ফ্রেমসহ খুলে গেছে।





চিত্র: গোপালগঞ্জ জেলা ও সদর উপজেলা সার্ভার স্টেশন

টুংঙ্গীপাড়া উপজেলা সার্ভার স্টেশন : টুংঙ্গীপাড়া উপজেলা সার্ভার স্টেশন জেলা পরিষদের সাথে একসাথে নির্মিত হয়েছিল। যেখানে উপজেলা পরিষদের দোতলার বিভিন্ন কক্ষে যাওয়া ও নির্বাচন অফিসের বিভিন্ন কক্ষে যাওয়ার সিড়ি একই ছিল। কিন্তু উপজেলা পরিষদ নতুন ভবনে স্থানান্তরিত হওয়ার ফলে এই ভবনের উঠা-নামার সিড়ি ভেঙ্গে ফেলা হয়েছে। দেয়ালে ড্যাম্প পড়ে গেছে। কক্ষগুলো ছোট। নীচতলা গোডাউন হিসেবে ব্যবহৃত হচ্ছে।






চিত্র: টুংঙ্গীপাড়া উপজেলা সার্ভার স্টেশন

২০। পর্যবেক্ষণ:

২০.১ আলোচ্য প্রকল্পের আওতায় নির্মিত ভবনের জানালাসমূহের বাইরের উপরের অংশে সান শেড রাখা হয়নি, ফলে অনেক জানালা দিয়ে পানি গড়িয়ে ভেতরে প্রবেশ কক্ষে রক্ষিত কাগজ পত্রাটি ও দেয়ালে ড্যাম্প দেখা দিয়েছে।

২০.২ যে সকল ভবন ডোবা ভরাট করে নির্মাণ করা হয়েছে সে সব ভবনে মাটি সরে ফাটল দেখা দিয়েছে;

২০.৩ জেলা ও আঞ্চলিক সার্ভার স্টেশনের সাথে গ্যারেজের ব্যবস্থা না থাকায় অনেক ভবনে স্থানীয় চাহিদা মোতাবেক গ্যারেজের তৈরী করা হয়েছে। ফলে সমস্যার সৃষ্টি হচ্ছে।

২০.৪ নির্মিত ভবনের সাথে সোলার প্যানেলের ব্যবস্থা থাকলেও কোন কাজ করছে না। সোলার প্যানেল রক্ষণাবেক্ষণের কোন ব্যবস্থা নেই।

২০.৫ উপজেলা পরিষদের ভবনের সাথে নির্মিত নির্বাচন ভবন নিয়ে অনিশ্চিয়তা দেখা দিয়েছে।

২০.৬ সার্ভার স্থাপনের জন্য নির্ধারিত কক্ষে সার্ভার স্টেশন স্থাপন করা হয় নি।

২১। **<u>আইএমইডির মতামত/সুপারিশঃ</u>**

২১.১ নির্মিত ভবনের জানালাসমূহের বাইরের উপরের অংশে বৃষ্টির পানি যাতে ভবনের মধ্যে না আসতে পারে সে বিষয়ে পিডাব্লিউডি ও এলজিইডি-কে মেরামতে ব্যবস্থা গ্রহণের জন্য বলা যেতে পরে (অনু: ২০.১)।

২১.২ যে সকল নির্মিত ভবনে ফাটল দেখা গেছে সে সকল ভবন মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনু:২০.২ ;

২১.৩ নির্মিত ভবনের সাথে সোলার প্যানেলের কার্যকার করা ও সোলার প্যানেল রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনু: ২০.৩);

২১.৪ উপজেলা পরিষদের ভবনের সাথে নির্মিত নির্বাচন ভবন নিয়ে যে অনিশ্চিয়তা দেখা গেছে সে বিষয়ে একটি কমিটির মাধ্যমে পুরাতন ভবনের সাথে এই ভবনগুলো থাকবে না নতুন করে নির্মাণ করা হবে সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে (অনু: ২০.৫);

২১.৫ সার্ভার স্থাপনের জন্য নির্ধারিত কক্ষে সার্ভার স্টেশন স্থাপন করা ও সেবা প্রদান নিশ্চিত করতে হবে।

২১.৬ অনুচ্ছেদ ২০.১ হতে ২০.৫ এর বিষয়ে গৃহীত ব্যবস্থা মন্ত্রণালয় আগামী ১ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

কন্সট্রাকশন অফ ইলেকশন রিসোর্স সেন্টার শীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

(জুন,২০১৭)

১। প্রকল্পের নাম : **"কন্সট্রাকশন অফ ইলেকশন রিসোর্স সেন্টার" শীর্ষক প্রকল্প।**

২। বাস্তবায়নকারী সংস্থা : নির্বাচন কমিশন সচিবালয়

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।

৪। প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয় :

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়			প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)	অনুমোদিত বাস্তবায়নকাল			প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল
মূল (প্র:সা:)	১ম সংশোধিত (প্র:সা:)	২য় সংশোধিত (প্র:সা:)		মূল (প্র:সা:)	১ম সংশোধিত (প্র:সা:)	২য় সংশোধিত (প্র:সা:)			বাস্তবায়ন কালের %)
১		২	৩	৪	৫		৬	৭	৮
১৮৪৮৪.০০	১৯৪৪৮.০০	২১৩০৩.১৮	-	জুলাই, ২০১১ হতে ডিসেম্বর, ২০১৫	জুলাই, ২০১১ হতে ডিসেম্বর, ২০১৬	জুলাই, ২০১১ হতে জুন, ২০১৭	জুন, ২০১৭	১৯৩০.৯১ (১০.৪৫%)	১৮ মাস ৩৩.৩৩% (১৮/৫৪)

৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্রঃ কঃ		সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
				বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
		রাজস্ব:					
১	৪৫০১	অফিসারদের বেতন	জনমাস	২৭৬	৪৪.৭৮	৯৯ জনমাস	৪১.৯০
২	৪৫০১	কর্মচারীদের বেতন	জনমাস	৩৬০	২৬.২৮	২২৩ জনমাস	২৫.১৬
৩	৪৭০০	ভাতাদি	থোক	--	৫১.৯১	--	৪৬.১৯
	৪৮০০	সরবরাহ ও সেবা:					
৫	৪৮০১	ভ্রমণ ব্যয়	থোক	-	০.১০		০.১০
৬	৪৮০৫	ওভার টাইম ভাতা	থোক	-	০.৫০	-	০.১৬
৭	৪৮০৬	(ক)অফিস ভাড়া	মাস	৭২ মাস	৬২.৬৬		
		(খ) আউট অব ঢাকা অফিস		-	৬.৫০	৬০	৬৪.২১
৮	৪৮১৫	ডাক	থোক	-	০.২০	-	০.০০
৯	৪৮১৬	টেলিফোন	থোক	-	১.৩৩	-	১.২৪
১০	৪৮১৮	রেজিস্টেশন ফি	থোক	-	৪.০০		০.০০
১১	৪৮১৯	পানির বিল	থোক	-	০.৭০		০.৫৯
১২	৪৮২১	বিদ্যুৎ বিল	থোক	-	২.০০		০.০০
১৩	৪৮২২	গ্যাস ও ফুয়েল	থোক	-	৫.০০		৩.৭১
১৪	৪৮২৩	ফুয়েল ও লুব্রিক্যান্ট	থোক	-	৪.০০		১.৭৮
১৫	৪৮২৭	প্রিন্টিং এন্ড বাইন্ডিং	থোক.	-	৬.০০		০.৫২

ক্রঃ কঃ		সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
				বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১৬	৪৮২৮	স্টেশনারী ও ষ্ট্যাম্প	থোক	-	১৮.০০		১৪.৩৬
১৭	৪৮৩১	পত্রিকা (নিউজ পেপার)	থোক	-	০.৫০		০.১৬
১৮	৪৮৩৩	প্রচার ও বিজ্ঞাপন	থোক	-	২৫.০০		১৮.০৩
১৯	৪৮৪৫	এন্টারটেইনমেন্ট	থোক	-	১১.০০		১.৯০
২০	৪৮৭৪	কনসালটেন্সি	থোক	-	৩৫৪.১৪		২৯১.৫৬
২১	৪৮৮৩	সম্মানী ভাতা	থোক	-	১৫.০০		৭.১৬
২২	৪৮৮৮	কম্পিউটার সামগ্রী	থোক	-	৬.০০		৩.৬৫
২৩	৪৮৯০	ফাংশন/সিরিমনিজ	থোক	-	৫০.০০		০.০০
২৪	৪৮৯৩	গাড়ি ভাড়া (১টি মাইক্রেবাস)	থোক	-	৩১.০০		২৭.৮৯
২৫	৪৮৯৯	বিবিধ ব্যয়	থোক	-	৩৩.৩৩		১৭.৯০
	৪৮০০	**উপ-মোট: রাজস্ব**			**৬৩৬.৯৬**		**৪৫৪.৯২**
২৬	৪৯০০	মেরামত ও রক্ষণাবেক্ষক্ষণ:					
২৭	৪৯০১	যানবাহন		১	৯.৫৫		৫.৯৯
২৮	৪৯০৬	আসবাবপত্র	থোক	-	০.৫০		০.০০
২৯	৪৯১১	কম্পিটউটার ও অফিস যন্ত্রপাতি	থোক	-	২.৫৩		১.০৬
৩০	৪৯২১	ঢাকার বাহিরে অফিস মেরামত	থোক	-	০.৫০		০.০০
৩১	৪৯৫৬	টেলিকমিউনিকেশন এক্সেসরিজ	থোক	-	০.৫০		০.০০
৩২	৪৯৯১	বিবিধ মেরামত	থোক	-	৩.০০		১.৩৪
	৪৯০০	**উপ-মোট:**			**১৬.৫৮**		**৮.৩৯**
		উপ-মোট (রাজস্ব):			**৭৭৬.৫১**		**৫৭৬.৫৬**
মূলধন:							
	৬৮০০	**সম্পদ সংগ্রহ:**					
৩৩	৬৮০৭	গাড়ি ক্রয় (১টি কার)	থোক	১	২৪.৫০	১	২৪.৫০
৩৪	৬৮১৫	কম্পিউটার এক্সসরিজ	থোক	-	৭.০০		৪.৪০
৩৫	৬৮১৯	অফিস ইক্যুপমেন্ট	থোক	-	৬.০০		৫.৩৬
৩৬	৬৮২১	ফার্নিচার ফর ইসিবি এন্ড ইটিআই বিল্ডিং	থোক	-	৫০০.০০		৪৮৯.১০
	৬৮০০	**উপ-মোট:**			**৫৩৭.৫০**	-	**৫২৩.৩৭**
	৭০০০	পূর্তকাজ:				-	-
৩৮		ক) ইরেকশন কমিশন ভবন (ইসিবি)	বর্গ মি:	২৩৯৭৫.৯৬	১১২৪০.২০	-	১১১৩৫.৯৫
৩৯		খ) ইলেকশন কমিশন ভবন (ইসিবি)	বর্গ মি:	১১৪০২.৩১	৪০২৭.০২	-	৩৯৮৫.৩১
৪০		গ) ফায়ার ফাইটিং সিস্টেম (ইসিবি ও ইটিআই ভবন)	থোক	-	৬৪৫.০০	-	৬৪২.৪১
৪২		ঘ) এয়ার কুলিং সিস্টেম	থোক	-	৮২৫.০০	-	৮১৩.৫৫
৪৩		ঙ) সাইট ডেভেলপমেন্ট	থোক	-	১০.০০	-	০.০০
৪৪		চ) বাউন্ডারী ওয়াল	থোক	৪০০.০০	১০০.০০	-	৮৫.৪০
৪৫		ছ) রোড পেভমেন্ট	বর্গ মি:	৩০০০.০০	৮০.৭২	-	৭৮.৫৮
৪৬		জ) অন্যান্য ভৌত অবকাঠামো	থোক	-	৭০৫.১০	-	৪৮৭.৫৮
৪৭		ঝ) আরবরি কালচার এন্ড ল্যাড স্কেপিং	থোক	-	৭০.০০	-	৬২.০০

ক্রঃ কঃ		সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
				বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
৪৮		ঞ) এক্সটানাল ওয়াটার সাপ্লাই	থোক	-	১০০.৩২	-	১০০.২৩
৪৯		ট) এক্সটানাল ইলেট্রিফিকেশন	থোক	-	১৪২৫.৮১	-	১২৮১.৬৬
৫০		ঠ) সোলার এনার্জি সিস্টেম	কিলোওয়াট	৪০.০০	১০০.০০	৪০.০০	৯৮.০৩
৫১		ড) হাই-টেক সিকিউরিটি সিস্টেম	থোক	-	৩৫০.০০		৩৪৯.৪৮
৫২		ঢ) রেইন ওয়াটার হারভেস্টিং সিস্টেম	থোক	-	৩০.০০	-	১৪.৮০
৫৩		ণ) ওয়াটার বডি এন্ড ফাউন্টেন	থোক	-	১৮০.০০	-	১৮০.০০
	৭০০০	**উপ-মোট:**			**১৯৮৮৯.১৭**	-	**১৯৩১৪.৯৮**
		উপ-মোট: (মূলধন)			**২০৪২৬.৬৭**	-	**১৯৮৩৮.৩৫**
৫৪		**ফিজিক্যাল কন্টিনজেন্সি**			**৫০.০০**	-	০.০০
৫৫		**প্রাইজ কন্টিনজেন্সি**			**৫০.০০**	-	০.০০
		সর্বমোট:			**২১৩০৩.১৮**	-	**২০৪১৪.৯১**

৬। **<u>কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ</u> অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে।**

৭। সাধারণ পর্যবেক্ষণ:

৭.১ **প্রকল্পের পটভূমিঃ**

বাংলাদেশ নির্বাচন কমিশন একটি সাংবিধানিক প্রতিষ্ঠান। বাংলাদেশ নির্বাচন কমিশন এবং নির্বাচন কমিশন সচিবালয় শের-ই-বাংলা নগরস্থ পরিকল্পনা কমিশন চত্বরের দু'টি ব্লকের সীমিত পরিসরে তাদের কর্মকান্ড পরিচালনা করছে। নির্বাচন কমিশন প্রশিক্ষণ ইন্সটিটিউটটি আগারগাঁও-এ একটি ভাড়া বাড়িতে অবস্থিত। ২০০৭ সালের জানুয়ারী মাসে সংসদ নির্বাচন স্থগিত হওয়ার পর পুনর্গঠিত নির্বাচন কমিশন ১৮ মাসের মধ্যে দেশের সকল ভোটারের ছবিসহ একটি নতুন ভোটার তালিকা প্রণয়ন এবং জাতীয় পরিচয়পত্র সরবরাহের জন্য একটি উন্নয়ন প্রকল্প গ্রহণ করে যার আওতায় বিপুল পরিমাণ যন্ত্রপাতি বিশেষত ল্যাপটপ, কম্পিউটার, প্রিন্টার, ওয়েব-ক্যাম, ফিঙ্গার প্রিন্ট, স্ক্যানার, জেনারেটর প্রভৃতি সংগ্রহ করা হয়। এসব আধুনিক প্রযুক্তিগত ব্যবস্থার সাহায্য ভোটারের তথ্য সংগ্রহ করে ছবিসহ ভোটার তালিকা প্রণয়নের পাশাপাশি ভোটারের জন্য জাতীয় পরিচয়পত্র তৈরি ও বিতরণ করা হয়। একাজে একটি কম্পিউটার ডাটা বেইজ তৈরি করা হয় যার দ্বারা প্রতি বছরই সংযোজন-বিয়োজন ও পরিবর্তনের মাধ্যমে ভোটার তালিকা হালনাগাদ করা হচ্ছে। এ কার্যক্রম বর্তমানে Identification System for Enhancing Access to Services (IDEA) শীর্ষক অপর একটি প্রকল্পের আওতায় আগারগাঁও এ ভাড়া করা ভবনে পরিচালিত হচ্ছে। এ বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ডাটা সেন্টার, ভোটার তালিকা হালনাগাদকরণ ও জাতীয় পরিচয়পত্র প্রদান প্রভৃতি কার্যক্রম সম্পর্কিত দপ্তর স্থাপন ইত্যাদি কারণে অবকাঠামোগত সুবিধা সৃষ্টির লক্ষ্যে উল্লিখিত প্রকল্পটি গ্রহণ করা হয়।

৭.২ **<u>প্রকল্পের উদ্দেশ্য:</u>**

- সুষ্ঠু, নিরপেক্ষ ও বিশ্বাসযোগ্য নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনের অবকাঠামোগত সুবিধা বৃদ্ধি;
- ঢাকায় ইলেকশন রিসোর্স সেন্টারসহ অন্যান্য সুবিধা নির্মাণ;
- নিজস্ব চত্বরের অভাবে সাম্প্রতিক সময়ে ইসিবি কর্তৃক গৃহীতঝুকিঁপূর্ণ প্রযুক্তিগত ব্যবস্থা অক্ষুন্ন রাখা নিশ্চিতকরণ;
- ইসিবির দায়িত্ব পালনের লক্ষ্যে সংস্থাটির নিরাপত্তা ও গোপনীয়তা একীভূতকরণে সর্বাধুনিক সুবিধাদি প্রদান;
- নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন প্রশিক্ষণ ইন্সটিটিউট এবং ঢাকা আঞ্চলিক ও জেলা অফিসের জন্য স্থান প্রদান;
- ভোটার তালিকা ও এনআইডি তথ্য এর জন্য কেন্দ্রীয় সার্ভার স্টেশন-এর পাশাপাশি তা ছাপানো ও সংরক্ষণের জন্য স্থান প্রদান;

প্রকল্পে আওতায় নির্বাচন কমিশন ও নির্বাচন কমিশন সচিবালয়ের জন্য আধুনিক নির্বাচন কমিশন কমপ্লেক্স নির্মাণ করার উদ্দেশ্যে প্রকল্পটি গৃহীত ও বাস্তবায়িত হ য়। নির্বাচন কমিশন সচিবালয় ছাড়াও নির্বাচন প্রশিক্ষণ ইন্সটিটিউট , জেলা নির্বাচন অফিস, প্রিন্টিং ও স্টোরেজ সুবিধাসহ সেন্ট্রাল সার্ভার স্টেশন স্থাপনসহ অবকাঠামো নির্মাণের মাধ্য মে নির্বাচনের জন্য আধনিক সুবিধাসম্বলিত মানসম্পন্ন পরিবেশ তৈরী করাই উক্ত প্রকল্পের মূল উদ্দেশ্য।

৭.৩ **অনুমোদন পর্যায়সমূহঃ**

বাংলাদেশ নির্বাচন কমিশন-এর নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক বাস্তবায়িত Construction of Election Resource Center' শীর্ষক প্রকল্পটি প্রকল্পটি গত ১৩/০৯/২০১১ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ছিল ১৮৪৮৪.০০ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদকাল জুলাই, ২০১১ হতে ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত। প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত হয়। পরবর্তীতে প্রকল্প এলাকায় বিদ্যমান অবকাঠামো অপসারণ ও দরপত্র জটিলতা সংক্রান্ত মামলার কারণে প্রকল্প বাস্তবায়ন আরম্ভ করতে প্রায় ১৯ মাস বিলম্ব ঘটে এবং কতিপয় আইটেম ব্যয় বৃদ্ধি, অপরদিকে কোনও কোনও আইটেম ব্যয় হ্রাস পায়। এ প্রেক্ষাপটে প্রকল্পটির ব্যয় ৭৬৪.২৫ লক্ষ টাকা বৃদ্ধি করে ১৯৪৪৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় এবং মেয়াদ ডিসেম্বর, ১৬ পর্যন্ত নির্ধারণপূর্বক প্রকল্পের প্রথম সংশোধন আনা হয় যা ৩১.১২.২০১৫ তারিখে মাননীয় প্রধান নির্বাচন কমিশনার কর্তৃক অনুমোদিত হয়। এরপর গত ২০/১০/২০১৬ তারিখ মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২১৩০৩.১৮ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০১১ হতে জুন, ২০১৭ পর্যন্ত মেয়াদকালে ২য় বার সংশোধনপূর্বক বাস্তবায়ন করা হয়।

৭.৪ **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

- ইলেকশন রিসোর্স সেন্টার ঢাকার আগারগাও এ নিজস্ব জায়গায় নির্মাণ;
- বিইসিকে সর্বাধুনিক সুবিধাদি প্রদান ; এবং একটি গ্রীন বিল্ডিং নির্মাণ ;
- (ভবনটিতে ফ্যাক্স, ফোন, ইন্টারনেট, বিল্ডিং ম্যানেজমেন্ট সিস্টেম, এ্যাকসেস কন্ট্রোল সিস্টেম, ফায়ার প্রটেকশন এবং ডিটেকশন সিস্টেম, ফায়ার ফাইটিং সিস্টেম, ভেহিকল ব্যারিয়ার, ব্যগেজ স্ক্যানার, সিসিটিভি, একসেস কন্ট্রোল এবং আধুনিক অডিটরিয়াম দ্বারা সুসজ্জিত। এভাবে নিরাপত্তা ও গোপনীয়তার চাহিদা একীভূত করা হয়েছে) ;
- বিইসি এবং ইসিএস এর জন্য ২৩৯৭৬.০০ বর্গমি. বিশিষ্ট ১১ তলা ভবন নির্মাণ :
- নির্বাচন প্রশিক্ষণ ইন্সটিটিউটের জন্য ১১৪০২.০০ বর্গমি. বিশিষ্ট ১২ তলা ইটিআই ভবন নির্মাণ;
- ভোটার তালিকা ও এনআইডি তথ্য-এর জন্য সার্ভার স্টেশন এর পাশাপাশি তা ছাপানো ও সংরক্ষণের জন্য স্থান প্রদান।

৭.৫। প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

ক্র: নং	নাম ও পদবী	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব হস্তান্তর	দায়িত্বের ধরণ
১.	জনাব প্রদোষ কান্তি দাস, জাতীয় প্রকল্প পরিচালক	২৫.০১.২০১২	১৬.০৪.২০১৪	পূর্ণকালীন
২.	জনাব ব্রিগেডিয়ার সুলজার হুসাইন, জাতীয় প্রকল্প পরিচালক	১৭.০৪.২০১৪	২০.০৫.২০১৪	খন্ডকালীন
৩.	জনাব এস.এম. আসফাক হুসাইন, জাতীয় প্রকল্প পরিচালক	২০.০৫.২০১৪	২৮.০২.২০১৭	পূর্ণকালীন
৪.	জনাব মি. মোহাম্মদ পারভেজ খাদেম, জাতীয় প্রকল্প পরিচালক	০১.০৩.২০১৭	৩০.০৬.২০১৭	পূর্ণকালীন

৭.৬ **প্রকল্প পরিদর্শনঃ**

আলোচ্য প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রমসমূহ গত ২৩-০৭-২০১৮ তারিখে আইএমইডি'র উপ-পরিচালক জনাব কোহিনুর আক্তার কর্তৃক প্রকল্পটি সরেজমিন পরিদর্শন করা হয়। এ সময় প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। কনস্ট্রাকশন অব ইলেকশন রিসোর্স সেন্টার (ইআরসি) প্রকল্পটি ঢাকার আগারগাঁও অঞ্চলে ই -১৪/জেড-এ প্লটে ২.৩৬ একর জমিতে বাস্তবায়িত

হয়েছে। প্রকল্পের প্রধান দুটি কম্পোনেন্ট হচ্ছে Election Commission Bangladesh (ECB) এবং Election Traning Institute (ETI)–এর দুটি ভবন নির্মাণ। পরিদর্শিত ভবন দুটি বাস্তবায়িত কার্যক্রম পর্যালোচনা নিম্নরূপঃ

ক) Election Commission Bangladesh (ECB) ভবন পরিদর্শন: আলোচ্য প্রকল্পের আওতায় ইসিবি ভবনটি নির্বাচন কমিশনের মূল ভবন। ০২টি বেইজমেন্টসহ ১১ তলা বিশিষ্ট ভবনটি ডেলিগেটেড ওয়ার্ক হিসেবে গণপূর্ত অধিদপ্তর বাস্তবায়ন করেছে। ইলেকশন রিসোর্স সেন্টার ঢাকার আগারগাও নির্বাচন কমিশনের নিজস্ব জায়গায় নির্মিত হয়েছে। ভবনটি(পূর্তকাজ, স্যানিটারী, অভ্যন্তরীণ ইলেকট্রিফিকেশন, গ্যাস সংযোগসহ) নির্মাণের লক্ষ্যে ১০৭.২৫৪২ কোটি টাকা চুক্তি মুল্যে গত ১৫/১২/২০১৩ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়।চুক্তি অনুযায়ী কাজ শেষ করার তারিখ ৩০ /০৬/২০১৮। পরিদর্শনকালে জানা যায় যে, নির্ধারিত সময়ের মধ্যে ভবনটি নির্মাণ শেষ হয়েছে।

পরিদর্শনকালে জানা যায় যে, প্রধান দুইভবনের মাঝে মূল ওয়াটার ফাউন্টেনের নীচে সম্পূর্ণ একোস্টিক সিস্টেম এবং আধুনিক সাউন্ড ও ভিজুয়াল সিস্টেম সম্বলিত একটি ভূগর্ভস্থ অডিটোরিয়াম রয়েছে।ভবনের সামনে ২১শে ফেব্রুয়ারি ও মুক্তিযুদ্ধের ভাস্কর্য , ৩টি পানির ফোয়ারা, বৃষ্টির পানির সংগ্রহকেন্দ্র, নিজস্ব বিদ্যুৎ কেন্দ্র (দুইটি ১৬৫০ কেভিএ এবং একটি ১২৫০ কেভিএ সম্পন্ন), সোলার সিস্টেম, স্ট্যান্ডবাই জেনারেটর (১৫০০ কেভিএ), প্রতিটিতে ১৮ জন ধারণক্ষমতাসম্পন্ন৬টি যাত্রী লিফট ও ১টি সার্ভিস লিফট, ৪টি সিড়ি যার ২টি ফায়ার স্টেয়ার , বেইজমেন্টে ৯২টি গাড়ি পার্কিং -এর সুবিধাসহ উপরিস্থ কার পার্কিং সুবিধা , পানি সরবরাহের জন্য নিজস্ব ডিপটিউবয়েল , ফায়ার ফাইটিং সিস্টেম , অভ্যর্থনা ডেস্কের সামনে মুর্যাধল চিত্র , সিসিটিভি, ব্যাগ স্ক্যানার,আর্চওয়ে, হ্যান্ড স্ক্যানার সহ বিশেষ নিরাপত্তা ব্যবস্থা , সমগ্র ভবনে ওয়াই-ফাই কানেকটেডসহ আধুনিক সুযোগ -সুবিধা সম্বলিত করে তৈরী করা হয়েছে।



চিত্র: নির্বাচন কমিশন ভবন

খ) Election Traning Institute (ETI) ভবন পরিদর্শন: ভবনটি ইলেকশন রিসোর্স সেন্টার নির্মাণ প্রকল্পের একটি অংশ। ভবনটি ২টি বেইজমেন্টসহ ১২ তলা (পূর্তকাজ, স্যানিটারী, অভ্যন্তরীণ ইলেকট্রিফিকেশন, গ্যাস সংযোগসহ) নির্মাণের লক্ষ্যে৩৫.৮৫০৫ কোটি টাকা চুক্তি মুল্যে গত ০৬ /০২/২০১৩ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। প্রকল্পটি বাস্তবায়নকারী সংস্থা গণপূর্ত অধিদপ্তর। চুক্তি অনুযায়ী কাজ শেষ করার তারিখ ৩১ /১২/২০১৬ হলেও ভবনটি নির্মাণকাজ ১৪ /১১/২০১৬ তারিখে সমাপ্ত করা হয় মর্মে জানা যায়। ভবনটি নির্বাচন প্রশিক্ষণ ইন্সটিটিউট (ইটিআই), এনআইডি উইং -এর সার্ভিস আউটলেট , আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয় , ঢাকা জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয় হিসেবে ব্যবহৃত হচ্ছে। ভবনে ছোট বড় মোট ৮টি ট্রেনিং রুম , ২০০টি আসন সংখ্যা (কনফারেন্স টেবিলসহ/৩০০ টি টেবিল ছাড়া চেয়ার), মোট ৪টি তলায় ৯৭ জন থাকার ব্যবস্থাসহ আবাসিক ব্যবস্থা রয়েছে। ভবনটির বেইজমেন্টে মোট ৭২টি গাড়ি রাখার ব্যবস্থা , প্রতিটিতে ১৮জন ধারণক্ষমতাসম্পন্ন ৩টি লিফট, ২টি সিড়ি রয়েছে। এছাড়া, প্রকল্প পরিদর্শনকালে জানা যায় যে, Express Feeder Line,-এর সার্বক্ষণিক বিদ্যুৎ, সোলার বিদ্যুৎ ব্যবস্থা , জেনাররেটর, ১টি পাঠাগার, রান্নঘরসহ ডাইনিং ফ্যাসিলিটি , নারী-পুরুষদের আলাদা নামাজের কক্ষ, সম্পূর্ণ ভবনে ওয়াই-ফাই ইন্টারনেট সুবিধা, ফায়ার ডোরসহ ফয়ার এক্সিট এবং ফায়ার ডিটেকশন ও প্রটেকশন সিস্টেম , সিসিটিভি ক্যামেরা, বাগান ও ডিপটিউবয়েল-এর পানি সুবিধা রয়েছে মর্মে পরিদশনকালে জানা যায়।



চিত্র: নির্বাচন প্রশিক্ষণ ইন্সটিটিউট ভবন।

৭.৭ ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্যঃপিসিআর-এ প্রদত্ততথ্য মোতাবেক প্রকল্পের কার্যক্রম ৯টি প্যাকেজে সম্পাদান করা হয়। যা নিম্নরূপ: (কোটি টাকা)

ক্রয়ের বিবরণ (পণ্য / কাজ / পরামর্শ) বিড অনুযায়ী বর্ণনা		দরপত্র / বিড / প্রস্তাবনা ব্যয় (		দরপত্র / বিড / প্রস্তাবনা		সমাপ্তির তারিখ কাজ / সেবা এবং পণ্য সরবরাহ	
		আরডিপিপি অনুসারে	চুক্তি মুল্য	আমন্ত্রণ তারিখ	চুক্তির তারিখ	চুক্তি অনুসারে	বাস্তব
১		২	৩	৪	৫	৬	৭
ডব্লিউ ১	ঢাকাস্থ শেরে বাংলা নগরের ই১৪জেড নং প্লটে পয়ঃনিষ্কাশন, বৈদ্যুতিক এবং গ্যাস সংযোগের সুবিধা সম্বলিত ২টি বেইজমেন্টসহ ১২ তলা বিশিষ্ট নির্বাচন প্রশিক্ষণ ভবন নির্মাণ	**৪০.২৭০২**	**৩৫.৮৫০৫**	**১৪/০৬/২০১২**	০৬/০২/২০১৩	৩১/১২/২০১৬	১৪/১১/২০১৬
ডব্লিউ ২	ঢাকাস্থ শেরে বাংলা নগরের ই১৪জেড নং প্লটে পয়ঃনিষ্কাশন, বৈদ্যুতিক এবং গ্যাস সংযোগের সুবিধা সম্বলিত ২টি বেইজমেন্টসহ ১১ তলা বিশিষ্ট বাংলাদেশ নির্বাচন কমিশন ভবন নির্মাণ	**১১২.৪০২০**	**১০৭.২৫৪২**	**২০/০৫/২০১৩**	**১৫/১২/২০১৩**	৩০/০৬/২০১৭	৩০/০৬/২০১৭
ডব্লিউ ৩	ইআরসি প্রকল্পের আওতায় ইটিআই ভবন নির্মাণ (অনুশীর্ষঃ- ৩টি ১৪০০কেজি বহন ক্ষমতাসম্পন্ন লিফট সরবরাহ এবং স্থাপন)	৩.১৫	৩.০৪	**২৫/১০/২০১৫**	**০৮/০২/২০১৬**	(৬ মাস) ০৮/০৮/২০১৬	০৮/০৮/২০১৬
ডব্লিউ ৪	ইআরসি প্রকল্পের আওতায় বিইসি এবং ইটিআই ভবন নির্মাণ (অনুশীর্ষঃ- ২টি ১৬০০ কেভিএ ক্ষমতাসম্পন্ন এবং ১টি ১২৫০ কেভিএ ক্ষমতাসম্পন্ন ড্রাই -টাইপ সাব-স্টেশন সরবরাহ এবং স্থাপন)	৫.৫০	৫.৫০	২৫/০১/২০১৫	১৪/০৭/২০১৫	(৬ মাস) ১৪/০১/২০১৬	১০/০১/২০১৬
ডব্লিউ ৫	ইআরসি প্রকল্পের আওতায় বিইসি এবং ইটিআই ভবন নির্মাণ (অনুশীর্ষঃ- ৫টি ৫০০ কেভিএ ক্ষমতাসম্পন্ন জেনারেটর সরবরাহ এবং স্থাপনসহ সংশ্লিষ্ট কাজ)	৪.০০	৩.৩৬	১৭/০২/২০১৬	২৬/০৬/২০১৬	(৪ মাস) ২৬/১০/২০১৬	২৬/১১/২০১৬

ক্রয়ের বিবরণ (পণ্য / কাজ / পরামর্শ) বিড অনুযায়ী বর্ণনা		দরপত্র / বিড / প্রস্তাবনা ব্যয় (		দরপত্র / বিড / প্রস্তাবনা		সমাপ্তির তারিখ কাজ / সেবা এবং পণ্য সরবরাহ	
		আরডিপিপি অনুসারে	চুক্তি মুল্য	আমন্ত্রণ তারিখ	চুক্তির তারিখ	চুক্তি অনুসারে	বাস্তব
১		২	৩	৪	৫	৬	৭
ডব্লিউ ৬	ইআরসি প্রকল্পের আওতায় শেরে বাংলা নগরে ২টি বেজমেন্ট সহ ১২ তলা বিশিষ্ট ইটিআই ভবন নির্মাণ (অনুশীর্ষঃ- অগ্নি সনাক্তকরণ ও সুরক্ষাকরণ ব্যবস্থা সরবরাহ এবং স্থাপন)	৩.২০	২.৮০	০৯/০২/২০১৫	০৯/০৭/২০১৫	(৪ মাস) ০৯/১১/২০১৫	০৯/১১/২০১৫
ডব্লিউ ৭	ইআরসি প্রকল্পের আওতায় শেরে বাংলা নগরে ২টি বেজমেন্ট সহ ১১ তলা বিশিষ্ট বিসিআই ভবন নির্মাণ (অনুশীর্ষঃ- অগ্নি সনাক্তকরণ ও সুরক্ষাকরণ ব্যবস্থা সরবরাহ এবং স্থাপন)	৩.২৫	৩.২৩	**২৩/০৪/২০১৫**	**০৭/১০/২০১৫**	**(০৪ মাস) ০৭/০২/২০১৬**	০৭/০২/২০১৬
ডব্লিউ ৮	ইআরসি প্রকল্পের আওতায় শেরে বাংলা নগরে বিসিআই ভবন নির্মাণ (অনুশীর্ষঃ- এয়ার কুলিং ব্যবস্থা সরবরাহ, স্থাপন, পরীক্ষাকরণ এবং ভিআরএফ স্প্লিট টাইপ এয়ার কন্ডিশনিং ব্যবস্থা)	৬.৫০	৫.৯২	**০৬/০৯/২০১৬**	**০৪/১১/২০১৬**	**০৪ মাস ০৪/০৩/২০১৭**	০৪/০৩/২০১৭
ডব্লিউ ৯	শেরে বাংলা নগরে বিইসি ১১ তলা বিশিষ্ট ভবন নির্মাণ (অনুশীর্ষ: ৬টি ১৪০০ কেজি ধারণক্ষমতাসম্পন্ন যাত্রী লিফট ও ১টি ২০০০ কেজি ধারণক্ষতাসম্পন্ন সার্ভিস লিফট	৬.৭০	৬.৬৫	**১৭/০১/২০১৬**	**০৯/০৫/২০১৬**	(০৬ মাস) **০৯/১১/২০১৬**	০৮/১১/২০১৬

৮। মূল্যায়ন পদ্ধতি (Methodology):

মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়ণে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ-

(ক) ডিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(গ) PEC, Steering Committee সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৯। **অর্থবছর ভিত্তিক অগ্রগতিঃ**

জুলাই, ২০১১ হতে জুন, ২০১৭ পর্যন্ত সর্বশেষ অনুমোদিত মেয়াদে বাস্তবায়িত এ প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২১৩০৩.১৮লক্ষ টাকার (সর্বশেষ সংশোধিত) বিপরীত প্রকৃত ব্যয় হয়েছে ২০৪১৪.৯১লক্ষ টাকা, যা অনুমোদিত ব্যয় বরা দ্দের ৯৩.৯৫%। পিসিআর -এ আলোচ্য প্রকল্পটির অনুকূলে ২০১১-১২ হতে২০১৬-১৭ পর্যন্ত অর্থ বছরভিত্তিক সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হলঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ			টাকা অবমুক্তি	ব্যয়		
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃসাঃ
১	২	৩	৪	৫	৬	৭	৮
২০১১-১২	১১২.০০	১১২.০০	-	১১২.০০	৬৭.৩৮	৬৭.৩৮	-
২০১২-১৩	৫৯০.০০	৫৯০.০০	-	১৮০০.০০	৩১৮.৮২	৩১৮.৮২	-
২০১৩-১৪	৪৩২২.০০	৪৩২২.০০	-	৪৩২২.০০	৪২৬৫.৮৫	৪২৬৫.৮৫	-
২০১৪-১৫	৪৫০০.০০	৪৫০০.০০	-	৪৫০০.০০	৪৪০৬.৫৫	৪৪০৬.৫৫	-
২০১৫-১৬	৫৬৬৪.০০	৫৬৬৪.০০	-	৫৬৬৪.০০	৫৪৮৭.২৭	৫৪৮৭.২৭	-
২০১৬-১৭	৬৭৫৬.০০	৬৭৫৬.০০	-	৬৭৫৬.০০	৫৮৬৯.০৪	৫৮৬৯.০৪	-
মোটঃ	**২১৯৪৪.০০**	**২১৯৪৪.০০**		**২৩১৫৪.০০**	**২০৪১৪.৯১**	**২০৪১৪.৯১**	**-**

১০। **উপকারভোগীদের মতামতঃ** প্রকল্পে আওতায় নির্বাচন কমিশন ও নির্বাচন কমিশন সচিবালয়ের জন্য আধুনিক নির্বাচন কমিশন কমপ্লেক্স নির্মাণ করার উদ্দেশ্যে প্রকল্পটি গৃহীত ও বাস্তবায়িত হচ্ছে। নির্বাচন কমিশন সচিবালয় ছাড়াও নির্বাচন প্রশিক্ষণ ইন্সটিটিউট, জেলা নির্বাচন অফিস, প্রিন্টিং ও স্টোরেজ সুবিধাসহ সেন্ট্রাল সার্ভার স্টেশন স্থাপনসহ অবকাঠামো নির্মাণের মাধ্য মে নির্বাচনের জন্য আধনিক সুবিধাসম্বলিত মানসম্পন্ন পরিবেশ তৈরী হয়েছে যাতে করে এ অফিসের কাজের পরিবেশ উন্নত হওয়াসহ অন্যান্য অফিসের সাথে সহজেই যোগাযোগ রক্ষা করা যাচ্ছে।

১১। **প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
১. সুষ্ঠু, নিরপেক্ষ ও বিশ্বাসযোগ্য নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনের অবকাঠামোগত সুবিধা বৃদ্ধি।	১. প্রকল্পের মাধ্যমে চাহিদা মোতাবেক অবকাঠামোগত সুবিধা প্রদান করা হয়েছে। ভাড়া করা চত্বরের পরিবর্তে নির্বাচন কমিশনের এখন একটি নিজস্ব ঠিকানা রয়েছে।
২. ঢাকায় ইলেকশন রিসোর্স সেন্টারসহ অন্যান্য সুবিধা নির্মাণ	২. ইলেকশন রিসোর্স সেন্টার প্রকল্পের আওতায় ১টি ইটিআই ভবন ও ১টি বিইসি ভবন নির্মাণ করা হয়েছে যা বাউন্ডারি দেয়াল পরিবেষ্টিত। সীমানাটি ওয়াটার বডি এন্ড ফাউন্টেইন সহ অন্যান্য অনেক কিছু দিয়ে সৌ ন্দর্য বর্ধন করা হয়েছে।
৩. নিজস্ব চত্বরের অভাবে সাম্প্রতিক সময়ে ইসিবি কর্তৃক গৃহীতঝুকিঁপূর্ণ প্রযুক্তিগতব্যবস্থা অক্ষুন্ন রাখা নিশ্চিতকরণ।	৩. ইআরসি প্রকল্পের মাধ্যমে ইসিবির নিজস্ব সীমানার পাশাপাশি নিজস্ব ভবন প্রতিষ্ঠিত হয়েছে। ভবনটি ফ্যাক্স, ফোন, ইন্টারনেট দ্বারা সুসজ্জিত। তাই আশা করা হচ্ছে যে, নিজস্ব চত্বরের অভাবে সাম্প্রতিক সময়ে ইসিবি কর্তৃক গৃহীতঝুকিঁপূর্ণ প্রযুক্তিগত ব্যবস্থা কোনো প্রকার বাধার সম্মুখীন হবে না।
৪. ইসিবির দায়িত্ব পালনের লক্ষ্যে সংস্থাটির নিরাপত্তা ও গোপনীয়তা একীভূতকরণে সর্বাধুনিক সুবিধাদি প্রদান।	৪. ইআরসি প্রকল্পের মাধ্যমে ইসিবিকে সর্বাধুনিক সুবিধাদি যেমন বিল্ডিং ম্যানেজমেন্ট সিস্টেম, এ্যাকসেস কন্ট্রোল সিস্টেম, ফায়ারপ্রটেকশন এবং ডিটেকশন সিস্টেম, ফায়ার ফাইটিং সিস্টেম প্রদান করা হয়েছে। ভেহিকল ব্যারিয়ার, ব্যগেজ স্ক্যানার, আর্চওয়ে ডিটেকটরস, সিসিটিভি এবং একসেস কন্ট্রোল এর মাধ্যমে স্থাপনার নিরাপত্তা ও গোপনীয়তা নিশ্চিত করা হয়েছে।
৫. নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন প্রশিক্ষণ ইন্সটিটিউট এবং ঢাকা আঞ্চলিক ও জেলা অফিসের জন্য স্থান প্রদান।	৫. নির্বাচন কমিশনের জন্য ২টি বেজমেন্টসহ ১১ তলা বিশিষ্ট 'নির্বাচন ভবন' নির্মাণ করা হয়েছে। ২টি বেজমেন্ট সহ ১২ তলা বিশিষ্ট 'নির্বাচন প্রশিক্ষণ ইন্সটিটিউট' নির্মাণ করা হয়েছে। ইটিআই ভবনে ঢাকা আঞ্চলিক ও জেলা নির্বাচন অফিসের জন্য স্থান বরাদ্দ দেয়া হয়েছে।
৬. ভোটার তালিকা ও এনআইডি তথ্য এর জন্য কেন্দ্রীয় সার্ভার স্টেশন-এর পাশাপাশি তা ছাপানো ও সংরক্ষণের জন্য স্থান প্রদান।	৬. বিইসি ভবনের ৯ম তলায় ভোটার তালিকা ও এন আইডি তথ্যের সার্ভার স্টেশনের জন্য জায়গা দেয়া হয়েছে। তা ছাপা নোর জন্যও বিইসি ভবনের ৯ম তলায় ও বেইজমেন্টে স্থান বরাদ্দ প্রদান করা হয়েছে।

১২। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃপ্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।**

১৩। **অডিট সংক্রান্তঃ অডিট সম্পন্ন হয়েছে। প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।**

১৪। **পর্যবেক্ষণঃ**

১৪.১ প্রকল্প এলাকায় বিদ্যমান অবকাঠামো অপসারণ ও দরপত্র জটিলতা সংক্রান্ত মামলার কারণে প্রকল্প বাস্তবায়ন আরম্ভ করতে প্রায় ১৯ মাস বিলম্ব ঘটে এবং কতিপয় আইটেম ব্যয় বৃদ্ধি, অপরদিকে কোনও কোনও আইটেম ব্যয় হ্রাস পায়।ফলে প্রকল্পের প্রথম সংশোধনী করা হয়। এরপরইসিবি ভবন নির্মাণ ব্যয় বৃদ্ধিসহ কিছু কাজের বৃদ্ধি পাওয়ায় ২য় সংশোধনী করা হয়। (অনু: ৭.৩)

১৪.২ ভবনদ্বয় পরিদর্শনকালে দেখা যায় যে , ভবনের দেয়াল চুইয়ে পানি ভবনের ভিতরের রুম , ফাঁকা জায়গায় চলে আসে। পানি যাতে ছড়িয়ে পড়তে না পারে সেজন্য বালু দিয়ে দেয়ালের মত করে দেয়া হয়েছে। আরো জানা যায় যে , দমকা হাওয়াসহ বৃষ্টি হলে রুমে পানি ঢুকে যায় । এতে করে কাগজপত্র ও অফিসিয়াল আসবাবপত্রের ক্ষতি হয়।(অনু: ৭.৬)।

১৪.৩ বিভিন্ন কামরাতে পানি ঢুকে যাওয়ার বিষয়ে দেখা যায় যে , বাংলাদেশের প্রচলিত ভবনের মতো এই ভবনসমূহ ডিজাইন করা হয় নি। এখানে সানশেড নেই। ফলে দেখা যায় যে , বৃষ্টি হলে হাওয়ার তোড়ে বৃষ্টি সরাসরি রুমে ঢুকে যায়। এছাড়া কনফারেন্স রুমসহ অন্যান্য রুমগুলোতে কাচ বেশি ব্যবহার করা হয়েছে। কিন্তু কাচ লাগানোর ফিনিশিং যথাযথ হয় নি। ফলে বৃষ্টি এসে কাচের দেয়ালে লাগলে পানি চুঁইয়ে রুমে প্রবেশ করে। যাতে ভবনের ডিজাইনগত সমস্যা ও কার্য সম্পাদনে সুনিপুনতার অভাব সুস্পষ্ট (অনু: ৭.৬)।

১৪.৪ প্রকল্পের আওতায় নির্মিত বাথরুমে দেখা গেছে যে, বাথরুমের দরজা খুলে ঢোকার মুখে কমোড অবস্থিত যা অস্বাস্থ্যকর মর্মে প্রতীয়মান হয়। যা ভবনের ডিজাইগত ত্রুটি হিসেবে প্রতীয়মান হয় (অনু: ৭.৬)।

১৪.৫ ভবনদ্বয়ের ওয়ারিংসহ ইলেকট্রিক্যাল সমস্যা রয়েছে বলে পরিদর্শনকালে জানা যায়। বিষয়টি নিয়ে উপস্থিত প্রকৌশলী জানান যে, লাইট বা অন্য সমস্যার বিষয়ে অভিযোগ পেলে প্রয়োজনমতো সার্ভিস দেয়া হয়। তবে এ ব্যা পারে কর্মকর্তাদের মধ্যে অসন্তোষ দেখা গেছে।

১৪.৬ ২টি বেইজমেন্টসহ ১২ তলা বিশিষ্ট নির্বাচন প্রশিক্ষণ ভবন (ইটিআই) ও ২টি বেইজমেন্টসহ ১১ তলা বিশিষ্ট বাংলাদেশ নির্বাচন কমিশন (ইসিবি) ভবন দুটি রক্ষণাবেক্ষণ, পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে অপর্যাপ্ত প্রচেষ্টা পরিলক্ষিত হয়। (অনু: ৭.৬)।

১৫। **আইএমইডির মতামত/সুপারিশঃ**

১৫.১ দুর্নীতি দমন কমিশন হতে অত্র বিভাগে গত ৩১ /০৭/২০১৭ তারিখে দুদক /সজেকা/ঢাকা-১/১৭৮৪ নং স্মারক মূলে ‘রাজধানীর আগারগাঁওয়ে ১৮৫ কোটি টাকা ব্যয়ে ইলেকশন রিসোর্স সেন্টার নির্মাণ কাজে অনুমোদন ছাড়াই প্রাক্কলিত মূল্য অপেক্ষা বেশি মূল্যে ঠিকাদারকে কার্যাদেশ দেয়া ’-এর অভিযোগ তদন্তের জন্য রেকর্ডপত্র/কাগজপত্রাদি চেয়ে পত্র পাওয়া যায়। এই তদন্তের অগ্রগতি এ বিভাগকে জানাতে হবে। (অনু: ১৫.১)

১৫.২ ভবনের বিভিন্ন রুমে পানি চুইয়ে পড়া ও বৃষ্টির সময় পানি ঢুকে পড়ার বিষয়ে গণপূর্তকে জানানো যেতে পারে। এ সমস্যার স্থায়ী সমাধানের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। (অনু: ১৫.২)।

১৫.৩ ভবনের দেয়ালে কাচ ব্যবহৃত হওয়ায় কাচের বিভিন্ন সংযোগস্থলে মেরামত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। বৃষ্টির পানি ভেতরে প্রবেশ করতে না পারে সে বিষয় নিশ্চিত করতে হবে; (অনু: ১৫.৩)।

১৫.৪ নির্মিত ভবনের বাথরুমের কমোড সংক্রান্ত সমস্যা নিয়ে গণপূর্ত অধিদপ্তরের সাথে পরামর্শ করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে পারে;(অনু: ১৫.৪)।

১৫.৫ ভবনদ্বয়ের ওয়ারিংসহ ইলেকট্রিক্যাল সমস্যা সমাধানের বিষয়ে গণপূর্ত অধিদপ্তরকে পত্র দেয়া যেতে পারে। (অনু: ১৫.৫)

১৫.৬ আধুনিক সুযোগ-সুবিধাসম্বলিত, দৃষ্টিনন্দন ভবনদ্বয় রক্ষণাবেক্ষণ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে সচেতন থাকতে হবে। (অনু: ১৫.৬)

১৫.৭ অনুচ্ছেদ ১৫ .১ হতে ১৫ .৬ এর বিষয়ে গৃহীত ব্যবস্থা মন্ত্রণালয় আগামী ১ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।